**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 04-03-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ত্রয়োদশ রাজ্য বিধানসভার সপ্তম অধিবেশন আগামী ২১শে মার্চ থেকে শুরু হবে ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার সরকারী চাকুরী ও কর্মসংস্থানের নানা ক্ষেত্রে রোজগারের পথ প্রশস্ত করছে ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে সরকার একটি আত্মনির্ভর ভারতের দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করছে এবং সংস্কারের গতি ত্বরান্বিত করেছে ।**

**(৪) বাঙ্গালুরুতে ৪৫তম জাতীয় মাস্টার্স অ্যাথলেটিক্স প্রতিযোগিতায় ত্রিপুরা প্রথম দিনে দুটি স্বর্ণ সহ চারটি পদক দখল করেছে ।**

**(৫) ৭৩তম বি এন মল্লিক সর্বভারতীয় পুলিশ ফুটবল প্রতিযোগিতার মহিলা বিভাগের ফাইনালে আসাম রাইফেলস এবং এস এস বি পরস্পরের মুখোমুখি হবে ।**

********************************

**Assembly Session :**

ত্রয়োদশ রাজ্য বিধানসভার সপ্তম অধিবেশন আগামী ২১শে মার্চ থেকে শুরু হবে। এই অধিবেশনেই ২০২৫-২৬ অর্থবর্ষের পূর্ণাঙ্গ বাজেট পেশ করা হবে। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আগামী ২১ মার্চ সকাল ১১টায় ত্রয়োদশ রাজ্য বিধানসভার সপ্তম অধিবেশন আহ্বান করেছেন।

***************************

**C.M–Kailashahar :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার সরকারী চাকুরী ও কর্মসংস্থানের নানা ক্ষেত্রে পথ খুলে দিয়ে রোজগারের পথ প্রশস্ত করছে। এরফলে রাজ্যের মানুষের মাথাপিছু গড় আয় বাড়ছে। আজ বিকালে কৈলাশহরের চন্ডীপুর ব্লক কার্যালয় প্রাঙ্গনে আয়োজিত উন্নয়ণমূলক বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্য সরকার স্বচ্ছতার সঙ্গে কাজ করছে। বর্হিরাজ্য থেকে বিনিয়োগকারীরা রাজ্যে আসছেন। ফলে আগামীদিনে রাজ্যে শিল্প ও বাণিজ্য প্রসারের ব্যাপক সম্ভাবনা দেখা দিয়েছে।

########Byte-CM######

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায়, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, জেলা শাসক দিলীপ কুমার চাকমা প্রমুখ। উপস্থিত ছিলেন, ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান নবাদল বণিক, রাজ্য ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি প্রমুখ। আজকের অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ২৪ কোটি ২৬ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত ১৭টি প্রকল্পের উদ্বোধন করেন এবং ২১টি প্রকল্পের শিলান্যাস করেন। এই ২১টি প্রকল্পের জন্য ব্যয় হবে ১৪৩ কোটি ৯০ লক্ষ টাকা। অনুষ্ঠানে কর্মরত অবস্থায় প্রয়াত চা-বাগিচা শ্রমিক রামজয় পালের স্ত্রী'র হাতে ৯ লক্ষ ৭ হাজার ৮৭৫ টাকার চেক প্রদান করা হয়। তাছাড়া স্ব-সহায়ক দলগুলোর উৎপাদিত সামগ্রীর ব্র্যান্ডের সূচনা করেন মুখ্যমন্ত্রী।

***************************

**PMMSY :**

প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনার মাধ্যমে রাজ্যে মৎস্য উৎপাদন বৃদ্ধি ও মৎস্যচাষীদের আর্থিক মানোন্নয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মৎস্য দপ্তরের উপ-অধিকর্তা সুজিত সরকার আজ আকাশবাণীর প্রতিনিধিকে জানান, এবছর ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত রাজ্যে ১৮ হাজার ৬০৯ জন সুবিধাভোগী এই প্রকল্পের মাধ্যমে বিভিন্নভাবে উপকৃত হয়েছেন। এর মধ্যে ১২ হাজার ৩৯১ জন সুবিধাভোগীকে মাছের খাদ্য ও পোনা দেওয়া হয়েছে।

তাছাড়া নতুন পুকুর খনন করা হয়েছে ২ হাজার ৭৫৯টি। আগামীদিনে আরো ২৬৫ হেক্টর জলাশয় খনন করার পরিকল্পনা রয়েছে। শ্রী সরকার জানান, রাজ্যের রঙিন মাছের উৎপাদন বাড়ানোর জন্য ২২টি প্রজনন কেন্দ্র করা হয়েছে। মাছের হ্যাচারি করা হয়েছে ১৮টি। তার মধ্যে একটি রয়েছে চিংড়ির হ্যাচারি। মৎস্যজীবীদের মাছ ধরার জন্য ১৪৪টি নৌকা দেয়া হয়েছে। মাছ পরিবহনের জন্য বাইসাইকেল, মোটরবাইক, তিন চাকার গাড়ি বিনামূল্যে মৎস্য চাষীদের দেওয়া হয়েছে। আগামীদিনে কৈলাসহরে ৪২ কোটি ৩৯ লক্ষ টাকা ব্যয়ে ইন্টিগ্রেটেড অ্যাকুয়া পার্ক গড়ার প্রস্তুতি চলছে।

*****************************

**Tribal Welfare Minister :**

উপজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা আজ মহাকরণে আত্মসমর্পণকারী জঙ্গি নেতাদের সঙ্গে বৈঠক করেছেন। এই বৈঠকে TUIPC, NLFT, এ.টি.টি.এফ-এর নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। মন্ত্রী শ্রী দেববর্মা বৈঠকে আত্মসমর্পণকারীদের বক্তব্য শুনেন। তিনি জানান, আত্মসমপর্নকারীদের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য রাজ্য এবং কেন্দ্রীয় সরকার বিভিন্ন পরিকল্পনা নিয়েছে।

এদিকে বৈঠকের পর, উপজাতি কল্যাণ দপ্তরের অধিকর্তা শুভাশিস দাস আকাশবাণীকে জানান, আত্মসমর্পণকারীদের বক্তব্য শোনার জন্যই মূলত এই বৈঠকের আয়োজন করা হয়েছিল। তারা জমির পাট্টা, আধার কার্ড সহ বিভিন্ন নথি তৈরি করে দেওয়া, আত্মসমর্পণকারী জঙ্গিদের সমস্ত মামলা প্রত্যাহার করা সহ সরকারী আবাসনের দাবি জানিয়েছে। তিনি আত্মসমর্পণকারীদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেবার উপরও গুরুত্ব আরোপ করেছেন। শ্রী দাস জানান, কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এককালীন যে প্যাকেজ ঘোষণা করা হয়েছে, তা নিয়ে পরবর্তী সময়ে আলোচনা করা হবে।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**PM, MSME :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে সরকার একটি আত্মনির্ভর ভারতের দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করছে এবং সংস্কারের গতি ত্বরান্বিত করেছে। তিনি বলেন, গত ১০ বছর ধরে দেশ ধারাবাহিকভাবে সংস্কার, আর্থিক শৃঙ্খলা, স্বচ্ছতা এবং অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধির প্রতি তার প্রতিশ্রুতি প্রদর্শন করেছে। অর্থনীতিতে MSME-এর গুরুত্ব সম্পর্কে বলতে গিয়ে শ্রী মোদী বলেন, MSME একটি দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে রূপান্তরমূলক ভূমিকা পালন করে। প্রবৃদ্ধি, উৎপাদন, রপ্তানি এবং পারমাণবিক শক্তি মিশন; নিয়ন্ত্রণ, বিনিয়োগ এবং ব্যবসা সহজীকরণ ও সংস্কারের চালিকা শক্তি হিসেবে MSME, বিষয়ে আয়োজিত বাজেট-পরবর্তী ওয়েবিনারে ভাষণ দিচ্ছিলেন তিনি। প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে স্থিতিশীল নীতি এবং একটি ভাল ব্যবসায়িক পরিবেশ উন্নয়নের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। দেশে ব্যবসা-বাণিজ্য সহজতর করার জন্য গৃহীত বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরে শ্রী মোদী বলেন, সরকার জন বিশ্বাস আইন বাস্তবায়ন করেছে এবং সরলীকৃত আয়করের ধারণা চালু করেছে। তিনি বলেন, বাজেটে উৎপাদন ও রপ্তানির

প্রচারের জন্য গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেওয়া হয়েছে। তিনি উল্লেখ করেন যে সরকারের প্রচেষ্টা অর্থনীতিতে কোভিডের প্রভাব কমিয়েছে, যা ভারতকে দ্রুত বর্ধনশীল অর্থনীতিতে পরিণত করতে সাহায্য করেছে। তিনি বলেন, বিশ্বের বিভিন্ন দেশ ভারতের সঙ্গে তাদের অর্থনৈতিক অংশীদারিত্ব জোরদার করতে চায়।

########Byte-PM######

*****************************

**Panchayati Raj :**

কেন্দ্রীয় পঞ্চায়েতি রাজ মন্ত্রী রাজীব রঞ্জন সিং বলেছেন, সারা দেশে প্রায় ১৪ লক্ষ মহিলা পঞ্চায়েতি রাজ প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত। আজ নতুনদিল্লিতে নির্বাচিত মহিলা প্রতিনিধিদের জাতীয় সম্মেলনে সশক্ত পঞ্চায়েত-নেত্রী অভিযানের উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দেওয়ার সময় তিনি এই মন্তব্য করেন। শ্রী সিং বলেন যে সরকার নারীর ক্ষমতায়নের জন্য লক্ষপতি দিদি এবং নমো ড্রোন দিদি প্রকল্প সহ বেশ কয়েকটি উদ্যোগ নিয়েছে। তিনি মহিলাদের মধ্যে আত্মবিশ্বাস জাগানোর জন্য পঞ্চায়েতি রাজ প্রতিষ্ঠানগুলিতে দক্ষতা উন্নয়নের প্রয়োজনীয়তার উপরও জোর দেন।

কেন্দ্রীয় নারী ও শিশু উন্নয়ন মন্ত্রী অন্নপূর্ণা দেবী বলেন যে নারী-নেতৃত্বাধীন উন্নয়ন সমাজে ইতিবাচক পরিবর্তনের পাশাপাশি অর্থনৈতিক প্রবৃদ্ধিও বয়ে আনে। তিনি লোকসভা এবং রাজ্য বিধানসভায় মহিলাদের জন্য ৩৩ শতাংশ আসনের জন্য প্রস্তাব পাসের সরকারি উদ্যোগের কথাও উল্লেখ করেন। তাদের ভালো কাজের মাধ্যমে নিজ নিজ গ্রামের অনুপ্রেরণা হবার আহ্বান জানান।

কেন্দ্রীয় পঞ্চায়েতি রাজ প্রতিমন্ত্রী অধ্যাপক এসপি সিং বাঘেল এবং কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া প্রতিমন্ত্রী রক্ষা নিখিল খাড়সেও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ৮ই মার্চ আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে পঞ্চায়েতি রাজ মন্ত্রক কর্তৃক আয়োজিত এই অনুষ্ঠানে ১২০০ জনেরও বেশি নির্বাচিত মহিলা

প্রতিনিধি অংশগ্রহণ করেন। এই অনুষ্ঠানে ২৩ জন নির্বাচিত মহিলা প্রতিনিধি তাদের পঞ্চায়েতে অসাধারণ কাজের জন্য পুরস্কার পেয়েছেন।

****************************

**Waves 2025 :**

আগামী মে মাসের ১ থেকে ৪ তারিখ মহারাষ্ট্রের মুম্বাইয়ে অনুষ্ঠিত হবে সংবাদ ও বিনোদন ক্ষেত্রের জন্য প্রথম শ্রবণ, দৃশ্য ও বিনোদন সংক্রান্ত আন্তর্জাতিক শীর্ষ সম্মেলন, ওয়েভস ২০২৫। ইতিমধ্যে এর অন্তর্গত রিল মেকিং, চলচ্চিত্রের পোস্টার তৈরী, কমিক্স ফিল্ম, এনিমেশন ছবি, ভিস্যুয়াল এফেক্ট সহ নানা ক্যাটাগরিতে অংশগ্রহণকারীদের জন্য চলছে একাধিক চ্যালেঞ্জ।

তেমনি ওয়েভস ২০২৫ এর অংশ হিসেবে, তথ্য ও সম্প্রচার মন্ত্রক এবং সৃজনশীল স্টুডিও - ডান্সিং অ্যাটমস বিশেষ মাস্টারক্লাস সিরিজের আয়োজন করেছে। গতকাল ব্লক বাস্টার ছবিসমূহের প্রযোজনা নিয়ে আলোচনা করেন 'বাহুবলী'র প্রযোজক শবু্  ইয়ারলাগাড্ডা। আজ প্রযোজনা নিয়ে বলেন অস্কার জয়ী প্রযোজক গুনীত মঙ্গা। তিনি ভারতীয় চলচ্চিত্রকে বিশ্ব বাজারে নিয়ে যাওয়ার কৌশল সহ, প্রযোজনা, অর্থ যোগান ও বন্টন বিষয়ে আলোকপাত করেন। আগামীকাল অ্যানিমেশন চরিত্র এবং এর নির্মান নিয়ে বলবেন বিশেষজ্ঞ আরনাউ ওল্লে লোপেজ।

৬ই মার্চ যে কোনো মাধ্যমে কাহিনী সৃষ্টি ও উপস্থাপনা নিয়ে আলোচনা করবেন চিত্রনাট্য লেখক ও সাংবাদিক অনু্ সিং চৌধুরী।

****************************

**IPFT :**

আইপিএফটি-র ১৬তম প্রতিষ্ঠা দিবস আজ আগরতলা সুপারি বাগানস্থিত দশরথ দেব স্মৃতিভবনে উদযাপন করা হয়। উপস্থিত ছিলেন দলের সাধারণ সম্পাদক তথা সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। সভাপতি প্রেম কুমার রিয়াং।

*****************************

**Tripura-Gold Medal :**

বাঙ্গালুরুতে ৪৫তম জাতীয় মাস্টার্স অ্যাথলেটিক্স প্রতিযোগিতায় ত্রিপুরা প্রথম দিনে দুটি স্বর্ণ সহ চারটি পদক দখল করেছে। পুরুষদের ৩৫ থেকে ৩৯ বছরের বিভাগে হাই জাম্পে লিটন দেববর্মা এবং মহিলাদের ৫০ থেকে ৫৪ বছরের বিভাগে ১৫০০ মিটার দৌড়ে মিতালী দেবনাথ স্বর্ণপদক ছিনিয়ে নেন। এছাড়া মহিলাদের ৩০ থেকে ৩৪ বছরের বিভাগে ১০০ মিটার হার্ডলেসে শাহানারা বেগম ও পুরুষদের ৩৫ থেকে ৩৯ বছরের বিভাগে ১১০ মিটার হার্ডলেসে রিপন দাস ব্রোঞ্জ পদক পান।

***************************

**Police Football :**

৭৩তম বি এন মল্লিক সর্বভারতীয় পুলিশ ফুটবল প্রতিযোগিতার মহিলা বিভাগের ফাইনালে আসাম রাইফেলস এবং এস এস বি পরস্পরের মুখোমুখি হবে। আগামী ৬ মার্চ ফাইনাল খেলাটি হবে। আজ উমাকান্ত মিনি স্টেডিয়ামে দুটি সেমি-ফাইনাল অনুষ্ঠিত হয়। এতে আসাম রাইফেলস ৪-০ গোলে ওড়িশা পুলিশকে এবং অপর ম্যাচে এস এস বি ৬-০ গোলে মণিপুর পুলিশকে হারিয়ে দেয়। এদিকে, পুরুষ বিভাগে সেমিফাইনালে উঠেছে সি আই এস এফ এবং বি এস এফ। কোয়ার্টার ফাইনালে মোহনপুরের তুলাবাগান মাঠে সি আই এস এফ ২-১ গোলে গোয়া পুলিশকে এবং জম্পুইজলার মাঠে বি এস এফ ১-০ গোলে আসাম পুলিশকে পরাজিত করে।

**************************

**Beti Bachao Beti Padhao-Belonia :**

'বেটি বাঁচাও বেটি পড়াও' কর্মসূচির দশবছর পূর্তি উপলক্ষে আজ পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের বিলোনীয়া মহকুমা কার্যালয় প্রাঙ্গণে শুরু হয়েছে আন্তঃ অফিস মহিলা ক্রিকেট টুর্নামেন্ট। উদ্বোধন করেন দক্ষিণ ত্রিপুরা জিলা

পরিষদের সভাধিপতি দীপক দত্ত। উপস্থিত ছিলেন দক্ষিণ জেলার অতিরিক্ত জেলাশাসক হেমন্ত দেববর্মা, অতিরিক্ত পুলিশ সুপার এম কৃষ্ণচন্দ্র শেখর। এই টুর্নামেন্টে বিভিন্ন দপ্তরের মোট ৯টি দল অংশগ্রহণ করেছে।

*************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭.২ ডিগ্রি সেলসিয়াস।

*****************************